কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। রবিবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন।

প্রশিক্ষনে সভাপতিত্ব করেন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন । প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ,কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন, কোটচাঁদপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা ও কোর্স পরিচালক সেলিম রেজা।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে স্যানেটারী প্যাড,খাতা,কলম ও প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়।

এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়।

এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষিত করা হচ্ছে।

৫০ টাকা খরচে চাকরি পেলেন বুলবুলি

মেধাবী ছাত্রী বুলবুলি খাতুন। লেখাপড়া করার সময় পরিবার ও প্রতিবেশি সকলেই বলেছিল আজকাল টাকা ছাড়া চাকুরি মেলেনা। লেখাপড়ার পাঠ চুকিয়ে তাকে বিয়ে দিয়ে দাও। কিন্তু বিয়ের পিড়িতে বসেনি বুলবুলি। বড় ভাইয়ের সামান্য রোজগারের টাকায় সংসার চালিয়ে ছোট বোনকে লেখাপড়া শিখেছে।

মাষ্টার্স পাশ করে মাত্র ৫০ টাকা খরচ করে আবেদন করে চাকরি পেয়ে তাক লাগিয়ে দিয়েছেন সে। সকলেই এখন বুলবুলির প্রশংসায় পঞ্চমুখ। মেহেরপুরের গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের দিনমজুর আজিজুল হকের মেয়ে বুলবুলি । পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আয়া পদে চাকরি পেয়ে দিনমজুর পিতা মাতা ও বড় ভাইয়ের পরিশ্রম স্বার্থক করে মুখ উজ্জল করেছেন। চাকরি করে হাল ধরেত চান সংসারের। শুধু বুলবুলি নয়,মাত্র ৫০ টাকা খরচ করে চাকরি পেয়েছেন মেহেরপুরের আরও তিনজন।

আজ (৭ ডিস্মেবর) বুধবার দুপুরে জেলা পরিবার করিকল্পনা অধিদপ্তর থেকে তারা নিয়োগপত্র গ্রহন করেন। তারা নিয়োগ পত্র হাতে পেয়ে আনন্দে কেঁদেছেন।

জানাগেছে, গাংনীর চেংগাড়া গ্রামের দিনমজুর আজিজুল হকের চার ছেলে মেয়ের মধ্যে বুলবুলি ছোট। বৃদ্ধ বাবা মা বয়সের ভারে নুইয়ে পড়েছেন। বৃদ্ধ হওয়ায় আজিজুল আর কাজ কর্ম কিছুই করতে পারেননা। বড় ভাই বুদু আলির শ্রম বিক্রির সামান্য আয়ে চলে তাদের সংসার। বুলবুলি ছোট বেলা থেকেই মেধাবী। পড়াশুনার প্রতি তার মনোনিবেশ ও আগ্রহ দেখে একমাত্র ভাই স্বপ্ন দেখেন অন্য দু’ বোনের বিয়ে হয়ে গেলেও ছোট বোন বুলবুলিকে লেখাপাড়া করিয়ে উচ্চ শিক্ষায় শিক্ষিত করবেন। বুদু মিয়া দিন মজুরের কাজ করে সংসার চালিয়ে বোনের লেখা পাড়ার খরচ যোগাতেন। ভাইয়ের প্রতিজ্ঞা বোনের লেখাপড়া শেষ হলে তার পর বিয়ে করবেন। আজ তাদের সে স্বপ্ন পুরুন হয়েছে।

বুলবুলি স্থানীয় মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পাশ করে মেহেরপুর সরকারি কলেজে ভর্তি হয়। এখান থেকে রাষ্ট্রবিজ্ঞানে অনার্স শেষ করে মাষ্টার্স পাশ করে। সব পরীক্ষাতেই সে ভাল ফলাফল বয়ে আনে। কিন্তু দিন আনা দিন খাওয়া সংসারে টাকা ছাড়া চাকরি হবেনা ভেবে

আরো ভাল কিছু করবে। তিনি আরও বলেন মেয়েদের বাল্য বিয়ে না দিয়ে লেখাপড়া করানোর জন্য প্রতিটি পরিবারের উদ্যোগেী হওয়া উচিৎ। তাহলে বুলবুলির মত অনেকেই চাকরি করে সংসারের হাল ধরতে পারবে।

মেহেরপুর জেলা প্রশাসক ড.মুনসুর আলল খান বলেন,মানুষের ধারনা বদলে দিতে চাই। দেশ বদলেছে। মানুষও বদলিয়েছে। কোন রকম অবৈধ লেনদেন ছাড়াই মেধাবীরা চাকুরি পাচ্ছে। বর্তমান সরকারের এটি একটি বাস্তব দৃষ্টান্ত গাংনীর বুলবুলি। ভালভাবে লেখাপাড়ায় মনোনিবেশ করলে চাকুরির জন্য টাকা লাগেনা। আমি জেলা প্রশাসক হিসেবে সকল চাকুরির ক্ষেত্রে এ ধারা অব্যাহত রাখতে দৃড় প্রতিজ্ঞ।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহসম্পাদক হলেন গাংনীর মেয়ে তন্দ্রা

মেহেরপুরের গাংনীর মেয়ে মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন তাকে ঢাকা বিশ্ববিদ্যালয় নির্বাহী সংসদের সহসম্পাদক হিসেবে মনোনীত করেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পৌর সভার সাবেক মেয়র যুবলীগ নেতা আশরাফুল ইসলামের গাংনী উপজেলা মহিলা যুবলীগের সভাপতি, মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত নারী সদস্য (গাংনী) শাহানা ইসলাম শান্তনার বড় মেয়ে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে সমুন্নত রেখে সোনার বাংলা বির্নিমাণে বঙ্গবন্ধু তনয়া শেখ হাসিনার নেতৃত্বে আধুনিক—উন্নত—ডিজিটাল ও অসম্প্রদায়িক বাংলাদেশের অগ্রযাত্রা

অবিরত রাখতে আপনার কর্মনিষ্ঠা বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালকে আরও সমৃদ্ধ করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক পদে এই প্রথম মেহেরপুর জেলার কোনো ছাত্রী নির্বাচিত হলেন।

জানা গেছে, মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ থেকে গোল্ডেন এবং ঢাকা মাইলস্টোন কলেজ থেকে ইন্টারমিডিয়েট পরীক্ষায় গোল্ডেন জিপিএ—৫ পেয়ে তার লেখাপড়া স্বাক্ষর রাখেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা রাজশাহী বিশ্ববিদ্যায়ে ইংরেজি বিভাগে ভর্তি পরীক্ষায় ৩ হাজার পরীক্ষার্থীদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১৪ তম স্থান দখল করেন। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৮০তম এবং ইংরেজি বিভাগে ২৮তম স্থান দখল করেন।

এসএসসিতে কোটচাঁদপুর উপজেলার প্রথম মিলা

এসএসসিতে উপজেলার প্রথম হয়েছেন কানিজ ফাতিমা (মিলা)। সে কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের ছাত্রী। ফাতিমা পড়া-লেখা করে ডাক্তার হতে চান। সমাজের হতদরিদ্র মানুষের পাশে থেকে কাজ করার ও আশা প্রকাশ করেন তিনি।

জানা যায়,এ বছর কোটচাঁদপুর উপজেলার ৩১ টি প্রতিষ্ঠান থেকে ৩০৮৫ জন ছাত্র /ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ গ্রহন করেন। এরমধ্যে ১৮৫৯ জন উর্ত্তীন হন। এ প্লাস পেয়েছেন ১৯২ জন। কানিজ ফাতিমা মিলা তাদেরই একজন। সে ১১০৭ নাম্বার পেয়ে কোটচাঁদপুর উপজেলার প্রথম স্থান অর্জন করেছেন।

মিলার পড়া-লেখার হাতে খড়ি কোটচাঁদপুরের ডেফোডিল প্রিক্যাডেট স্কুলে। সে ৫ ম ও ৮ ম শ্রেনীতে ট্র্যালেন্টপুলে বৃত্তি পান বলে

জানা গেছে। সে উপজেলার হরিণদীয়া গ্রামের রফিকুল ইসলাম মুঙ্গলা ও মোছাঃ কল্পনা খাতুনের মেয়ে।

কানিজ ফাতিমা বলেন,আমি পড়া-লেখা করে ডাক্তার হতে চাই। কাজ করতে চাই দরিদ্র ও হতদরিদ্র মানুষের পাশে থেকে।
এমন ফলাফলের পেছনে কার বেশি অবদান রয়েছে, এমন প্রশ্নে মিলা বলেন,প্রথম দাবিদার আমার মা-বাবা। এরপর বিদ্যালয়ের শিক্ষকগণ।

আলমডাঙ্গার কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরিক্ষার টাকা চুরি

আলমডাঙ্গার কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক পরিক্ষার প্রায় ৪০ হাজার টাকা রহস্যজনক চুরির ঘটনা ঘটেছে। বুধবার দিবাগত রাত ২ টার দিকে স্কুলের তালা ভেঙে লকারে থাকা নগত ৪০ হাজার টাকা চুরি করে নিয়ে যায়। এ ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে, স্কুল কক্ষে ল্যাপটপ রেখে টাকা চুরির ঘটনায় রহস্যজনক ঘটনায় এলাকাজুড়ে চাঞ্চল্যকর সৃষ্টি হয়েছে।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার বাড়াদী ইউনিয়নের ঐতিহ্যবাহি স্কুল কাঁটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়। গত ২৮ বছর যাবৎ নাইট গার্ডের চাকুরি করছেন একই এলাকার আব্দুল ওহাব। চলতি বছরের স্কুলে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার ফ্রি,র টাকা সহকারী শিক্ষক স্কুলের লকারে রেখে যায়।

এদিকে প্রতিদিনের ন্যায় শারীরিক অসুস্থতার জন্য রাত ১ টার দিকে বাড়িতে চলে যায় নাইট গার্ড আব্দুল ওহাব। রাতে বাড়িতে ঘুমিয়ে পড়ে। সকালে স্কুলে ফিরে দেখে স্কুলের অফিস ও শিক্ষক মিলাতায়ন রুমের তালা ভাঙা। ওই রুমে গোপন জায়গায় সহকারী শিক্ষকের স্কুল বার্ষিক পরিক্ষার ৪০ হাজার টাকা চুরি হয়েছে বলে জানাযায়।

এ চুরির ঘটনায় নাইট গার্ড আব্দুল ওহাব জানান, গত ২৮ বছরে এই

প্রতিষ্ঠান থেকে একটি গাছের পাতাও চুরি হয়নি। তবে, স্কুলের ওই রুমে কয়েকটা ল্যাপটপ ছিলো স্ব স্থানেই। ল্যাপটপ গুলো চুরি হয়নি। কিন্তু সহকারী শিক্ষকের গোপনীয় টাকা চুরির ঘটনাটি খুবই রহস্যময়।

কাটাভাঙা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদুল হক মান্নান জানান, সকালে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে স্কুলের রুমের ও লকারের তালাভাঙ্গা দেখতে পায়। লকারে থাকা প্রায় ৪০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করা হয়েছে ।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব সামগ্রী দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন।

প্রশিক্ষনে সভাপতিত্ব করেন ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুছ আলী। প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মঈনুদ্দিন।

প্রশিক্ষনের পর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়। এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলায় এ প্রশিক্ষিণের মূল লক্ষ্য।

মেহেরপুরে এসএসসি পরীক্ষার ফলাফলে সন্ধানী স্কুল এন্ড কলেজ জেলায় সেরা

২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।

বরাবরের মত এবারও গাংনীর সন্ধানী স্কুল এন্ড কলেজ ১৩০ টি জিপিএ-৫ ও শতভাগ পাশ করে ফলাফলে মেহেরপুর জেলার শীর্ষে অবস্থান করছে। এই বিদ্যালয়টি থেকে ১৪৭ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ১৩০ জন জিপিএ-৫ ও শতভাগ পাশ করেছে।

মেহেরপুর শহরের জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ থেকে ৬৪ জন পরীক্ষার্থী অংশ নিয়ে শতভাগ পাশসহ জিপিএ-৫ পেয়েছে ৪৭ জন পরীর্ক্ষাথী।জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৮৬ জন পরীক্ষায় অংশ নিয়ে ৪৬ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে। বেসরকারি এমপিওভূক্ত মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফলাফলে জেলার শীর্ষে রয়েছে।

মেহেরপুর সরকারি মাধ্যমিক বালক উচ্চ বিদ্যালয় থেকে ২১১ পরীক্ষার্থী অংশ নিয়ে পাশ করেছে ২০৭ জন। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে৭৮ জন, অকৃতকার্য হয়েছে ৪ জন। পাশের শতকরা হার ৯৮.১০ শতাংশ। মেহেরপুর সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ২৫৪ জন পরীক্ষায় অংশ নেওয়ার কথা থাকলেও অংশ নিয়েছে ২৫২ জন। এদের মধ্যে ১২৫ জন জিপিএ-৫ নিয়ে মোট পাশ করেছে ২৪৭ জন। ৫ শিক্ষার্থী

ফেল করেছে। শতকরা পাশের হার ৯৮.০২ ভাগ।

গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ৯৭ জন শিক্ষার্থী অংশ নিয়ে ৩১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৯৬ জন। বিদ্যালয় থেকে মাত্র ১ জন শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে। গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ থেকে ২৩২ জন অংশ নিয়ৈ ১১১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ২২৬ জন। ৬ জন ফেল করেছে বিদ্যালয়টি থেকে। পাশের শতকরা হার ৯৭.৪১ ভাগ। এদিকে একই বিদ্যালয় থেকে ভোকেশনাল শাখায় পরীক্ষার্থী ছিলো ২২৩ জন। পাশ করেছে ২০৮ জন, ফেল করেছে ১৫ জন। শতকরা পাশের হার ৯৩.২৭ ভাগ।

মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় থেকে ১২০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৩১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ১১০ জন। পাশের শতকরা হার ৯৩.২২ ভাগ। চেংগাড়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৬১ জন পরীক্ষা দিয়ে ১৪ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে। শালদহ এসএআরবি মাধ্যমিক বিদ্যালয় থেকে ৩৩ জন পরীক্ষার্থী অংশ নেওয়ার কথা থাকলেও অংশ নিয়েছে ৩২ জন। ৫ জন জিপিএ ৫ পেয়ে শতভাগ পাশ করেছে। বিবিএন মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫৪ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৪ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৫২ জন, ধলা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৪৬ জন অংশ নিয়ে ১৩ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৪৩ জন, এসকেএস মাধ্যমিক বিদ্যালয় থেকে ৮৫ পরীক্ষার্থী অংশ নিয়ে ১১ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৭৯ জন, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ৭৯ জন পরীক্ষায় অংশ নিয়ে ১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৭২ জন, মেহেরপুর শহরের কবি নজরুল শিক্ষা মঞ্জিল থেকে ৩২ জন পরীক্ষা দিয়ে পাশ করেছে ৩১ জন। করমদী মাধ্যমিক বিদ্যালয় থেকে ১২৮ জন পরীক্ষায় অংশ নেওয়ার কথা থাকলেও অংশ নিয়েছে ১২৪ জন। ১৬ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ১২১ জন।

চিৎলা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৯ পরীক্ষার্থী অংশ নিয়ে ৬ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৭৮ জন, কাজীপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৪ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৪৯ জন, বাওট সোলাইমানীয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৩ জন পরীক্ষায় অংশ নিয়ে ৫ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৬৮ জন, বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ২১ জন অংশ নেওয়ার কথা থাকলেও ২০ পরীক্ষার্থী অংশ নিয়ে ১ জন জিপিএ-৫সহ শতভাগ পাশ করেছে, কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৩৭ জন পরীক্ষায় অংশ নিয়ে ৬ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৩৫ জন, মটমুড়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৬৫ জন অংশ নেওয়ার কথা থাকলেও পরীক্ষা দিয়েছে ৬৩ জন। ৩ জন

জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৬১ জন, হোগলবাড়িয়া হাজী ভরষ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫৫ জন পরীক্ষায় অংশ নিয়ে ১৫ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৫৩ জন, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭১ জন পরীক্ষায় অংশ নিয়ে ৩২ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে, গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৪ জন অংশ নেওয়ার কথা থাকলেও পরীক্ষায় অংশ নিয়েছে ৭২ জন। ১৮ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে।

জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৪ জন পরীক্ষায় অংশ নিয়ে ১০ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৭০ জন, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫৯ জন পরীক্ষায় অংশ নিয়ে ১ জন জিপিএ-৫ পেয়ে ৪৩ জন পাশ করেছে।

এবছর মেহেরপুর শহরের বিদ্যালয়গুলো থেকে গ্রামের মাধ্যমিক বিদ্যালয়গুলো ভাল ফলাফল করেছে বলে জানা গেছে।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক হারুন অর রশিদ আর নেই

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খন্দকার হারুন অর রশিদ (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ রবিবার সকাল পোনে ৯টার দিকে মেহেরপুর শহরের শাহজী পাড়াস্থ নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

হারুন অর রশিদ মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক অ্যাড. খন্দকার ইমতিয়াজ হারুন জুয়েলের পিতা।

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার প্রশিক্ষানার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরন

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার আয়োজনে কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ও ড্রাইভিং প্রশিক্ষানার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গাস্হ একাডেমি মোড় কার্যালয়ে শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট দেয়া হয়। সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও সংস্থার জেলা শাখার সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান।

বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক ও সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফের উপস্থাপনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন। বিশেষ অতিথির বক্তব্য দেন সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকী সোহেলী রশিদ, সদর থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান কাজল, এটিএন বাংলার জেলা প্রতিনিধি রফিক রহমান ।

এ সময় আরো উপস্থিত ছিলেন বহুমুখী মানব কল্যান সংস্থার ডেপুটি ম্যানেজার আব্দুল আওয়াল প্রিন্স, চুয়াডাঙ্গা প্রজেক্ট কো - অডিনেটর নাঈম সরোয়ার, নাসির জোয়ার্দার, সোহেল রানা প্রমুখ।

চুয়াডাঙ্গা ও দামুড়হুদায় ড্রাইভিং কাম অটো মেকানিকস এবং কম্পিউটার অফিস এপ্লিকেশন কোর্সের ১০ টি ব্যাজের ৩০০ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র ও সন্মানী প্রদান করেন অতিথিরা। এর আগে বুধবার আলমডাঙ্গা এরশাদপুরে মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার অফিস এপ্লিকেশন ও ড্রাইভিং কাম অটো মেকানিকস কোর্সের ৭টি ব্যাজের ২১০ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র ও সন্মানী প্রদান করা হয়।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনের মত বিনিময় সভা

মুজিবনগর উপজেলার মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনের (মেডা) মত বিনিময় সভা ও নিবন্ধন সনদ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ নভেম্বর) দুপুরের দিকে মোনাখালী বাজার ঈদগাহ প্রাঙ্গণে এই মতবিনিময় সভা ও নিবন্ধন সনদ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনে (মেডা)’র সহ সভাপতি মো: সালাউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা সমাজ সেবা অফিসার মো: আব্দুর রব, মেহেরপুর জেলা সমাজ সেবা অফিসের জেলা নিবন্ধন অফিসার কাজী মো: আবুল মুনসুর।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনের (মেডা)’র সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ ও সহ সাধারণ সম্পাদক নাইমা শ্রাবণীর যৌথ সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রতিষ্ঠাতা উপদেষ্টা অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম, উপদেষ্টা যথাক্রমে, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) হাজী ছাদেক আলী, পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিন আক্তার,শাহিনুর রহমান মানিক ও রোকুনুজ্জামান বকুল ।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশন (মেডা) এলাকার হতদরিদ্র শিক্ষার্থীদের সহায়তা ও গ্রামের ছাত্র ছাত্রীদের

শিক্ষার মান উন্নয়নে স্বেচ্ছাসেবী সংগঠণ হিসেবে কাজ করে যাচ্ছে। সংগঠনটি সমাজ সেবা অধিদপ্তরের কর্মকর্তাদের হাত থেকে নিবন্ধন সনদ গ্রহণ করেন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য সদস্যবৃন্দ।

এসময় সংগঠনের সদস্যবৃন্দ, এলাকার সুধীজন ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।